# উপজেলা পরিষদ কার্যালয়
## পলাশ, নরসিংদী।

শেখ হাসিনার দর্শন
বাংলাদেশের উন্নয়ন

## পলাশ উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণী

সভাপতি ঃ সৈয়দ জাবেদ হোসেন।
চেয়ারম্যান , পলাশ উপজেলা পরিষদ, নরসিংদী।

সভার স্থান ঃ উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, পলাশ, নরসিংদী।

সভার তারিখ ও সময় ঃ ১৪-০৩-২০২২ খ্রিঃ, সকাল ১১.০০ ঘটিকা।

উপজেলা পরিষদ মাসিক সভায় উপস্থিত সদস্যদের তালিকা ঃ

| উপস্থিত সদস্যগণের তালিকা | | | |
|---|---|---|---|
| ১. | উপজেলা নির্বাহী অফিসার, পলাশ, নরসিংদী। | ১৩. | উপজেলা শিক্ষা কর্মকর্তা, পলাশ, নরসিংদী। |
| ২. | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পলাশ, নরসিংদী। | ১৪. | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, পলাশ, নরসিংদী। |
| ৩. | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পলাশ, নরসিংদী। | ১৫. | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, পলাশ, নরসিংদী। |
| ৪. | চেয়ারম্যান, জিনারদী ইউনিয়ন পরিষদ। | ১৬. | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, পলাশ, নরসিংদী। |
| ৫. | চেয়ারম্যান, চরসিন্দুর ইউনিয়ন পরিষদ। | ১৭. | উপজেলা সহকারী প্রেগ্রামার, পলাশ, নরসিংদী। |
| ৬. | চেয়ারম্যান, গজারিয়া ইউনিয়ন পরিষদ। | ১৮. | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, পলাশ, নরসিংদী। |
| ৭. | চেয়ারম্যান, ডাংগা ইউনিয়ন পরিষদ। | ১৯. | উপজেলা সমবায় কর্মকর্তা, পলাশ, নরসিংদী। |
| ৮. | উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তা, পলাশ, নরসিংদী। | ২০. | উপজেলা বন কর্মকর্তা, পলাশ, নরসিংদী। |
| ৯. | উপজেলা কৃষি কর্মকর্তা, পলাশ, নরসিংদী। | ২১. | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), পলাশ, নরসিংদী। |
| ১০. | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, পলাশ, নরসিংদী। | ২২. | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, পলাশ, নরসিংদী। |
| ১১. | উপজেলা মৎস্য কর্মকর্তা, পলাশ, নরসিংদী। | ২৩. | উপজেলা তথ্যসেবা কর্মকর্তা, পলাশ, নরসিংদী। |
| ১২. | উপজেলা প্রকৌশলী, পলাশ, নরসিংদী। | | |

সভাপতি সভায় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে, উপজেলা নির্বাহী অফিসার, পলাশ, সভা পরিচালনা করেন। অতঃপর বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনানো হয় এবং বিগত সভায় গৃহীত সিদ্ধান্ত সমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করা হয়। বিগত সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা দৃঢ়ীকরণ করা হয়। সভায় নিম্নে বর্ণিত বিষয় সমূহের উপর আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় ঃ

| আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ২। বিভাগীয় আলোচনা। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা ঃ সভায় উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবেই চলছে। তিনমাস ব্যাপী সেলাই ও বিউটিফিকেশন প্রশিক্ষণ কার্যক্রমসমূহ চলতি মার্চ মাসেই শেস হবে। এপ্রিল থেকে নতুন ব্যাচের প্রশিক্ষণ কার্যক্রম শুরু হবে। নতুন ব্যাচের জন্য প্রশিক্ষনার্থী বাছাইয়ের লক্ষ্যে ইতিমধ্যেই অনলাইনে আবেদন পাওয়া যাচ্ছে। এবারে দুটি চক্র একবারে নিতে হবে। আগে ছিল ২৫ জন, এবারে নিতে হবে ৫০ জন করে। এছাড়া ইউনিয়ন পর্যায়ে মা ও শিশু সহায়তা কর্মসূচি গত ১ বছর যাবৎ বন্ধ রয়েছে। তবে আগামী জুলাই/২০২২ থেকে প্রতি মাসে মাসে প্রত্যেক ইউনিয়ন থেকে মা ও শিশু সহায়তা প্রদানের জন্য ভাতাভোগী নির্বাচন করতে হবে। ইতিমধ্যে ইউপি চেয়ারম্যানগণকে এ বিষয়ে জানানো হয়েছে। | দাপ্তরিক স্বাভাবিক কার্যক্রম অব্যাহত রাখার অনুরোধ জানানো হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, পলাশ, নরসিংদী। |
| | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা ঃ উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা জানান, অত্র দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবেই চলছে। চলতি মাসে গবাদি পশুর জাত উন্নয়নের লক্ষ্যে ৫৪০টি গাভীকে কৃত্রিম প্রজনন করানো হয়েছে এবং উন্নত জাতের বাচ্চা উৎপাদিত হয়েছে ২৪৪ টি। প্রাণিজ আমিষের চাহিদা পূরণের লক্ষ্যে চলতি মাসে অত্র উপজেলায় ৪৯,০০,০০০টি ডিম, ২৬০০০ মেট্রিক টন দুধ এবং ২৩০০০ মেট্রিক টন মাংস উৎপাদিত হয়েছে। এছাড়া অত্র দপ্তরে চলতি মাসে ৩৮২৪ টি গবাদি পশু ও ৬৩৫০০ টি হাঁস-মুরগীকে টিকা প্রদান এবং ১৬৭৮ টি গবাদি পশু ও ২৩১৫৬ টি হাঁস-মুরগীর চিকিৎসা প্রদান করা হয়েছে। | প্রাণি সম্পদ বিভাগের মাঠ পর্যায়ের কর্মচারীদের মাধ্যমে প্রাণি সম্পদ উন্নয়ন কল্পে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণসহ সংশ্লিষ্ট সকলকে উদ্বুদ্ধ করার অনুরোধ জানানো হয়। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা,পলাশ, নরসিংদী। |
| | উপজেলা পরিষদের ওয়েব পোর্টাল হালনাগাদ সংক্রান্ত আলোচনা ঃ সভায় উপজেলা নির্বাহী অফিসার জানান, পলাশ উপজেলার ওয়েব পোর্টাল হালনাগদকরণের কাজ চলছে। তিনি ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানবৃন্দ এবং উপজেলা পরিষদে হস্তান্তরিত দপ্তরসমূহের প্রধানগণকে তাদের দাপ্তরিক হালনাগাদ তথ্য/নোটিশ/পত্রসমূহের অনুলিপি উপজেলা পরিষদের ওয়েব পোর্টালে আপলোড করার জন্য উপজেলা সহকারী প্রোগ্রামারের নিকট প্রদানের অনুরোধ জানান। | ওয়েব পোর্টালে আপলোড করার লক্ষ্যে জরুরী ভিত্তিতে হালনাগাদ তথ্য এবং প্রয়োজনীয় নোটিশ উপজেলা সহকারী প্রোগ্রামারের নিকট প্রদানের সিদ্ধান্ত হয়। | ইউপি চেয়ারম্যান (সকল) ,বিভাগীয় প্রধান (সকল) ও উপজেলা সহকারী প্রোগ্রামার, পলাশ, নরসিংদী। |

| | | | |
|---|---|---|---|
| | উপজেলা তথ্যসেবা কর্মকর্তা ঃ সভায় উপজেলা তথ্যসেবা কর্মকর্তা জানান, তার প্রকল্পের কাজ হচ্ছে সুবিধাবঞ্চিত নারীদের তথ্যসেবা ভিত্তিক সহায়তা প্রদানের মাধ্যমে নারীর ক্ষমতায়ন প্রতিষ্ঠা করা। এছাড়া অন্যান্য কার্যক্রমের মধ্যে রয়েছে সুবিধা বঞ্চিত নারীদেরকে বিনামূল্যে ইন্টারনেট ভিত্তিক সেবা প্রদান করা। যেমন- অনলাইনের মাধ্যমে পরীক্ষার আবেদন, ভর্তিও আবেদন, চাকুরীর আবেদন ইত্যাদি। এছাড়া রয়েছে স্বাস্থ্য সেবা প্রদান যেমন- বিনামূল্যে ডায়বেটিস ও রক্তচাপ পরীক্ষা, উচ্চতা নির্ণয় ইত্যাদি। এছাড়া প্রতিটি ইউনিয়নের প্রত্যেকটি ওয়ার্ডে উঠান বৈঠকের মাধ্যমে নারীদের বিভিন্ন সমস্যার কথা শুনে সেগুলো সমাধানের জন্য পরামর্শ প্রদান করা। উঠান বৈঠকগুলোতে বিভিন্ন সময়ে উপজেলা নির্বাহী কর্মকর্তা সহ অন্যান্য বিভিন্ন দপ্তরের কর্মকর্তাগনও উপস্থিত তাকেন। তিনি জানান, যে কোন সুবিধা বঞ্চিত নারী তার কার্যালয়ে এসে উল্লেখিত সেবাসমূহ গ্রহণ করতে পারেন। এ বিষয়ে প্রচারের জন্য তিনি ইউপি চেয়ারম্যানগণের প্রতি অনুরোধ জানান। | এ বিষয়ে প্রচারের জন্য সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানগণের প্রতি অনুরোধ জানানো হয়। | উপজেলা তথ্যসেবা কর্মকর্তা ও ইউপি চেয়ারম্যান (সকল), পলাশ, নরসিংদী। |

এছাড়া সভায় উপস্থিত অন্যান্য বিভাগীয় কর্মকর্তাগণ তাঁদের নিজ-নিজ বিভাগের কার্যক্রম এর বিষয়ে জানান যে তাঁদের বিভাগীয় কার্যক্রম সন্তোষজনক। সভায় সভাপতি সকলকেই স্বাস্থ্যবিধি মেনে চলার এবং প্রতিটি মাসিক সভায় যথাসময়ে উপস্থিত থাকার অনুরোধ রেখে উপস্থিত সকল সদস্যকে শুভেচ্ছা ও ধন্যবাদ জানিয়ে সভাপতি তার বক্তব্য শেষ করেন। পরিশেষে সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৪/০৩/22

সৈয়দ জাবেদ হোসেন
চেয়ারম্যান
পলাশ উপজেলা পরিষদ
নরসিংদী।

স্মারক নং-প- ০৫.৩০.৬৮৬৩.০০৮.০১.০০১.২২-১৬৬/১ তারিখ ঃ ১৪-০৩-২০২২ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো ঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে)

১। মাননীয় সংসদ সদস্য, নরসিংদী-২ ও উপদেষ্টা, উপজেলা পরিষদ, পলাশ, নরসিংদী।
২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। বিভাগীয় কমিশনার, ঢাকা।
৪। জেলা প্রশাসক, নরসিংদী।
৫। উপ-পরিচালক, স্থানীয় সরকার, নরসিংদী।

১৪/০৩/22

ফারহানা আফসানা চৌধুরী, পিএএ
উপজেলা নির্বাহী অফিসার
পলাশ, নরসিংদী।

স্মারক নং-প- ০৫.৩০.৬৮৬৩.০০৮.০১.০০১.২২-১৬৬/১ তারিখ ঃ ১৪-০৩-২০২২ খ্রিঃ।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পলাশ, নরসিংদী।
২। মেয়র, ঘোড়াশাল পৌরসভা, পলাশ, নরসিংদী।
৩। ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পলাশ, নরসিংদী।
৪। উপজেলা ............................................... (সকল) কর্মকতা, পলাশ, নরসিংদী।
৫। চেয়ারম্যান ....................................... (সকল) ইউনিয়ন পরিষদ, পলাশ, নরসিংদী।
৬। জনাব ....................................................................... পলাশ, নরসিংদী।

১৪/০৩/22

ফারহানা আফসানা চৌধুরী, পিএএ
উপজেলা নির্বাহী অফিসার
পলাশ, নরসিংদী।